Skill India
কৌশল ভারত - কুশল ভারত

## গত ২৫ শে জানুয়ারি ২০২০, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের কিছু মুহূর্ত

প্রতি বছরের মতো এবারও, গত ২৫শে জানুয়ারি'২০, অরবিন্দ আই.টি.আই-এ এই বছরের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অধ্যক্ষ তার প্রারম্ভিক ভাষণে ছাত্রছাত্রীদের এই শিক্ষা প্রতিষ্ঠানের আগামী দিনের লক্ষ্য ও পরিকল্পনা সম্বন্ধে অবগত করেন এবং অনুষ্ঠানের শুভ সূচনা করেন। প্রাক্তন ও বর্তমানে পাঠরত সকল ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মীদের সক্রিয় অংশগ্রহণে অনুষ্ঠানটি মনোময় হয়ে ওঠে। প্রথম বর্ষের ফাইনাল পরীক্ষায় ভালো ফলাফলের জন্য ইলেকট্রিশিয়ান ও ফিটার ট্রেডের যথাক্রমে প্রথম ৫ জন স্থানাধিকারীকে মেডেল পরিয়ে সম্বর্ধনা দিয়ে পুরস্কৃত করা হয়। ছাত্রছাত্রীরা সঙ্গীত ও নৃত্যের মাধ্যমে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। সকল ছাত্রদের নিয়ে কলেজের মাঠে একটি ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয়। ঐ প্রতিযোগিতায় দ্বিতীয় বর্ষের ইলেকট্রিশিয়ান বিভাগের ছাত্ররা বিজয়ী হয়। শিক্ষাপ্রতিষ্ঠানের পক্ষ থেকে বিজয়ীদের হাতে ট্রফি তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের আই.টি.আই কলেজের লোগো সম্বলিত ব্যাচ, জার্সি ও টুপি প্রদান করা হয়। অনুষ্ঠানে কলেজের ছাত্রছাত্রী, শিক্ষক ও কর্মীবৃন্দ এবং শুভানুধ্যায়ীরা প্রাতঃরাশ ও দুপুরের আহারে একসাথে অংশগ্রহণ করে।



## পথপ্রদর্শক




ক্রিকেট টুর্নামেন্টে বিজয়ী ইলেকট্রিশিয়ান ২য় বর্ষ




নৃত্য পরিবেশনায় ছাত্রী সুস্মিতা বিশ্বাস



ছাত্র সৌরভ ঘোষকে পুরস্কার প্রদান



গতবছর বিশ্বকর্মা পুজোয় ছাত্রছাত্রীরা

**শ্রী অরবিন্দ ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটপ্রাইভেট আই.টি.আই**
প্লট নং. পি-৪, ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ফেজ-১,
কল্যানী, জেলা-নদীয়া, পিন-৭৪১২৩৫,
দূরভাষ - ৯০০৭০১১৪৫১ / ৯০০৭০১১৪৫৭
ই-মেল - saeipvtiti@gmail.com,
ওয়েবসাইট - www.saeipvtiti.com
মুদ্রণে - গ্রাফিক্স ইন্টারন্যাশনাল, কলকাতা

Industrial Training Institute

# কারিগরি বার্তা

প্রথম সংখ্যা, প্রথম বর্ষ, (ইং) মার্চ, ২০২০



## "আমাদের কথা"

শ্রী বীরেশ্বর গঙ্গোপাধ্যায়, অধ্যক্ষ

শ্রী অরবিন্দ ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট প্রাইভেট আই.টি.আই ২০১২ সালে কল্যানী শিল্পাঞ্চলে স্থাপিত হওয়ার পর, এই ৮ বছরে পশ্চিমবঙ্গের ছাত্রছাত্রীদের কাছে এক অতি বিশ্বাসের জায়গা করে নিয়েছে। ভারত সরকার এন. সি. ভি. টি. অনুমোদিত ২ বছর মেয়াদি ফিটার ও ইলেকট্রিশিয়ান ট্রেডে এই শিক্ষা প্রতিষ্ঠানের আই.টি.আই কোর্সের প্রশিক্ষিত ছাত্রছাত্রীরা, আজ ভারতবর্ষের বিভিন্ন শিল্পসংস্থায় প্রতিষ্ঠিত। এটা আমাদের গর্বের বিষয়। আই.টি.আই শিক্ষার পাশাপাশি এই শিক্ষা প্রতিষ্ঠানে পশ্চিমবঙ্গ সরকার কারিগরি প্রশিক্ষণ দপ্তরের অনুমোদনে ১ বছরের স্বল্পমেয়াদি বৃত্তিমূলক প্রশিক্ষণও দেওয়া হয়। এছাড়াও নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় অনুমোদিত কারিগরি শিক্ষার ওপরে ১ বছর মেয়াদি ডিপ্লোমা কোর্সের পাঠ্যক্রম চালু হয়েছে। এই শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের উন্নতমানের প্র্যাকটিক্যাল পরিকাঠামো ও অভিজ্ঞ শিক্ষকের মাধ্যমে বিষয়ভিত্তিক শিক্ষায় শিক্ষিত করে, যথাযথ দক্ষ মানব সম্পদে তৈরি করা হচ্ছে। ছাত্রছাত্রীদের ভাল পড়াশুনা করার ক্ষেত্রে, উপযুক্ত লাইব্রেরি, কম্প্যুটার ল্যাব, ওয়ার্কশপ, কলেজ বাস ও ক্যান্টিন-এর ব্যবস্থা করা হয়েছে। পড়াশুনার পাশাপাশি ছাত্রছাত্রীরা নিয়মিতভাবে শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে ও খেলাধূলায় অংশ নেয়। এতে তাদের চারিত্রিক বিকাশ ঘটে। আই.টি.আই পাঠ্যক্রমে একটি গুরুত্বপূর্ণ বিষয় হল "এমপ্লয়বিলিটি স্কিল"। এতে কর্মক্ষেত্রে আধুনিক প্রযুক্তি, সময়োপযোগী স্মার্টনেস ও ইন্টারভিউতে সফল হওয়ার প্রশিক্ষণ দেওয়া হয়। তার জন্য এখানে উন্নতমানের অডিওভিস্যুয়াল ল্যাব ও স্মার্ট ক্লাসরুমের ব্যবস্থা আছে। বিভিন্ন সময়ে ইন্ডাস্ট্রির অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিত্বদের নিয়ে এসে ছাত্রছাত্রীদের স্পেশাল ক্লাস করিয়ে শিল্পসংস্থার চাহিদা অনুযায়ী তৈরি করা হয়। ছাত্রছাত্রীদের বিভিন্নরকম ইন্ডোর ও আউটডোর গেমস্-এর ব্যবস্থা আছে। সফলভাবে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের জন্য এই শিক্ষা প্রতিষ্ঠান থেকে নিয়মিতভাবে ক্যাম্পাসিং-এর আয়োজন করা হয়। তাছাড়া আমাদের প্লেসমেন্ট সেল থেকে প্রতিনিয়ত ছাত্রছাত্রীদের বেসরকারি শিল্পে চাকরির জন্য পাঠানো হয়। উপরন্তু পশ্চিমবঙ্গ সরকার আয়োজিত "মেগা জব ফেয়ার"-এও আমাদের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে থাকে। ছাত্রছাত্রীদের বিভিন্ন সরকারি স্কলাপশিপ, রেল কনসেশন ও ব্যাঙ্ক লোনের সুবিধা আছে। সর্বশেষে, আমার পক্ষ থেকে এই কলেজের প্রাক্তন, বর্তমান এবং আগত নতুন ছাত্রছাত্রীদের জন্য রইল শুভকামনা ও ভালোবাসা।

## প্রথম বর্ষের ফাইনাল পরীক্ষায় ছাত্রছাত্রীদের অভাবনীয় সাফল্য




সুস্মিতা বিশ্বাস
ফিটার




দেবজিত ঘোষ
ইলেকট্রিশিয়ান




ইতি সরকার
ফিটার




সায়ন নাথ
ইলেকট্রিশিয়ান




কুনাল পাত্র
ফিটার




সৌরভ মণ্ডল
ইলেকট্রিশিয়ান




অভিষেক মণ্ডল
ফিটার




আসিফ ইকবাল মণ্ডল
ইলেকট্রিশিয়ান


SAEI PVT. I.T.I.
শ্রী অরবিন্দ ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট প্রাইভেট আই.টি.আই
কল্যানী শিল্পাঞ্চল, জেলা - নদীয়া

Industrial Training Institute

*"You are the creator of your own destiny"*
*- Swami Vivekananda*

SAEI PVT. I.T.I.

এই শিক্ষা প্রতিষ্ঠান থেকে আই.টি.আই পাশের পর যে সমস্ত ছাত্রছাত্রী বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থায় এ্যাপ্রেন্টিসে নিযুক্ত হয়েছে --

- **Ayan Biswas** — L&T Construction
- **Ibrahim Sk** — L&T Construction
- **Liton Barman** — L&T Construction
- **Suvam Biswas** — Metro Railway
- **Arghya Roy** — Birnagar Power House
- **Biplab Mondal** — Atomic Research Centre
- **Chandan Singh** — Rifle Factory
- **Debajit Chakraborty** — Rifle Factory
- **Jitendra Prasad Sinha** — Rifle Factory
- **Prosenjit Sil** — Army Base Workshop
- **Suraj Mandal** — Larsen & Toubro Ltd.
- **Satyaki Shome** — Eastern Railway
- **Jayanta Sarkar** — Eastern Railway
- **Sujay Paul** — Eastern Railway
- **Samim Akhtar** — Eastern Railway
- **Himachal Sarkar** — Eastern Railway
- **Pritam Paul** — N F Railway
- **Subham Pal** — Keventer
- **Prabir Barman** — Nuclear Power Plant
- **Nabarun Chakraborty** — Eastern Railway
- **Sk Imraj** — Eastern Railway
- **Sourav Biswas** — L&T Construction
- **Amar Kumar Ghosh** — NSIC

ছাত্রছাত্রীদের জন্য রইল শুভেচ্ছা ও অভিনন্দন। ভবিষ্যৎ কর্মজীবন সর্বময় সুন্দর হয়ে উঠুক।

Industrial Training Institute

*"Education should create a dynamic citizen"*
*- Rishi Aurobindo Ghosh*

SAEI PVT. I.T.I.

এই শিক্ষা প্রতিষ্ঠান থেকে আই.টি.আই পাশের পর যে সমস্ত ছাত্রছাত্রী বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থায় এ্যাপ্রেন্টিসে নিযুক্ত হয়েছে --

- **Sandep Saha** — L&T Construction
- **Sakti Santra** — L&T Construction
- **Sourav Biswas** — L&T Construction
- **Akash Mondal** — L&T Construction
- **Dinesh Mallick** — L&T Construction
- **Milton Mondal** — L&T Construction
- **Suvo Chakraborty** — L&T Construction
- **Proshanto Mandal** — L&T Construction
- **Dibakar Ghosh** — L&T Construction
- **Sanjib Pahari** — Howrah Shalimar Co.
- **Abhishek Barik** — L&T Construction
- **Subrata Mondal** — L&T Construction
- **Shovan Biswas** — L&T Construction
- **Soumen Biswas** — L&T Construction
- **Jyoti Krishna Roy** — SAIL, Durgapur
- **Suraj Lohara** — SAIL, Durgapur
- **Prodip Bairagi** — Keventer
- **Chanchal Ghosh** — Andrew Yule & Co.
- **Syed Saifuddin Ahmed** — Strumech Cranes
- **Bhabani Prasad Roy** — C L Enterprise
- **Sajal Biswas** — Victor Engineering
- **Bikram Sarkar** — L&T Consruction.
- **Manas Routh** — Keventer

ছাত্রছাত্রীদের জন্য রইল শুভেচ্ছা ও অভিনন্দন। ভবিষ্যৎ কর্মজীবন সর্বময় সুন্দর হয়ে উঠুক।

## এই শিক্ষা প্রতিষ্ঠানের ২ বছরের আই.টি.আই শিক্ষাক্রমে সফলভাবে উত্তীর্ণের পর যে সমস্ত ছাত্রছাত্রী বিভিন্ন পলিটেকনিকে বর্তমানে ২য় বর্ষে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাঠরত

- **Pritam Dutta** — Regent Polytechnic
- **Jayanand Shaw** — Durgapur Polytechnic
- **Nita Tanti** — EIEM Polytechnic
- **Ramen Mondal** — JLD Polytechnic
- **Kartick Ch Paul** — Regent Polytechnic
- **Pronoy Ghosh** — Jakir Hossain Polytechnic
- **Md Murshed Ali** — Discovery Polytechnic
- **Bidyut Halder** — Rampurhat Polytechnic
- **Bazrul Islam** — Kingston Polytechnic
- **Anupam Singh** — Elitte Polytechnic
- **Biswajit Roy** — Nivedita Polytechnic
- **Asraf Ansari** — Saroj Mohan Polytechnic
- **Sourav Saha** — Elitte Polytechnic
- **Arnab Sikder** — Elitte Polytechnic
- **Devdas Majumdar** — Voclet, Arise Instt.
- **Mukesh Khanna** — Camellia Polytechnic.
- **Ganda Kumar Mandal** — Camellia Polytechnic.
- **Ajijul Haque** — Camellia Polytechnic
- **Mriganko Ghosh** — Regent Polytechnic
- **Sushanta Pramanik** — MST Polytechnic
- **Kamal Biswas** — HSBD Polytechnic
- **Miraj Ahmed** — JIS Polytechnic
- **Kanti Chowdhury** — Saroj Mohan Polytechnic
- **Ajay Kumar Rout** — JIS Polytechnic
- **Rabiul Islam Mondal** — Saroj Mohan Polytechnic
- **Mithun Barman** — JIS Polytechnic
- **Ujjal Mistry** — Discovery Polytechnic
- **Amir Sohel** — Discovery Polytechnic
- **Suman Bhawal** — Nalhati Govt. Polytechnic
- **Tanmoy Paul** — JIS Polytechnic

Industrial Training Institute

*"We celebrates engineers day on the birth aniversery of M. Visvesvaraya"*

SAEI PVT. I.T.I.

Industrial Training Institute

*"We observe teachers day to pay our respect to Dr. Sarvepalli Radhakrishnan"*

SAEI PVT. I.T.I.



## সৌরশক্তির প্যানেল স্থাপন

সম্প্রতি ১ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন সৌরশক্তি সংরক্ষণের প্যানেল বসানো হল এই শিক্ষা প্রতিষ্ঠানে। আই.টি.আই সহ অন্যান্য পাঠ্যক্রমের প্রশিক্ষণরত সকল ছাত্রছাত্রীদের আলাদাভাবে সৌরশক্তি সংরক্ষণের প্যানেল স্থাপন করার পদ্ধতি এবং তার মধ্য দিয়ে সৌরশক্তিকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদন করার কৌশলের পাঠ্যক্রম বিনামূল্যে প্রদানের প্রক্রিয়া শুরু হয়েছে। এই শিক্ষা প্রাপ্তির মধ্য দিয়ে ছাত্রছাত্রীরা যেমন স্বনির্ভর হতে পারবে পাশাপাশি প্রশিক্ষিত ছাত্রছাত্রীদের প্রচুর কর্মসংস্থানেরও সুযোগ থাকবে। ভারত সরকার, সৌরশক্তির ব্যবহারের মধ্য দিয়ে বিদ্যুতের যোগানের ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছে। অতি শীঘ্রই সরকারি অনুমোদনসাপেক্ষে আই.টি.আই পাশ ছাত্রছাত্রীদের এই শিক্ষার ওপর সরকারি কোর্সে স্বল্পমেয়াদি বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হবে।

## প্রাক্তনীদের অ্যালামনি এ্যাসোসিয়েশন

গত ২১ শে আগস্ট ২০১৯, এই শিক্ষাপ্রতিষ্ঠান থেকে সফলভাবে উত্তীর্ণ প্রাক্তন ছাত্রছাত্রীদের নিয়ে গঠিত হল অ্যালামনি এ্যাসোসিয়েশন। এই কলেজের সাথে দীর্ঘদিন ধরে যুক্ত ও অভিজ্ঞ শিক্ষক শ্রী প্রদীপ কুমার রায় এই অ্যালামনি এ্যাসোসিয়েশনের প্রধান পরামর্শদাতা হিসেবে নিযুক্ত হন। এই এ্যাসোসিয়েশনের কার্যকলাপ সঠিকভাবে পরিচালনার ক্ষেত্রে, প্রাক্তন ছাত্র মিরাজ আহমেদ ও শুভদীপ সাধুখাঁকে যথাক্রমে সভাপতি ও সাধারণ সম্পাদক হিসাবে নিয়োগ করা হয়। প্রাক্তনীদের কর্মসংস্থানের দিশা ও প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে অবহিত করার জন্য একটি ওয়েবসাইট রূপায়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বর্তমানে প্রাক্তনীদের একটি হোয়াট্স এ্যাপ গ্রুপ তৈরি করে প্রতিষ্ঠানের বিভিন্ন তথ্য ও কর্মসংস্থানের সন্ধান দেওয়া হচ্ছে। গত ২৫ শে জানুয়ারি ২০২০, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রাক্তনীরা অংশগ্রহণ করে এবং তাদের মেডেল পরিয়ে পুরস্কৃত করা হয়।




## গ্রেডিং-এ অংশ নিল অরবিন্দ আই.টি.আই

ভারত সরকারের নির্দেশ অনুযায়ী প্রতিটি আই.টি.আই-এর গ্রেডিং থাকা বাধ্যতামূলক। সেই মোতাবেক, গত ৫ই ডিসেম্বর, ভারত সরকার মিনিস্ট্রি অফ স্কিল ডেভেলপমেন্ট দ্বারা নিযুক্ত "ইকরা ম্যানেজমেন্ট কনসাল্টিং সার্ভিসেস লিমিটেড"-এর পরিদর্শকদল অরবিন্দ আই.টি.আই পরিদর্শন করেন। পরিদর্শকদল এই আই.টি.আই-এর পরিকাঠামোর মানের রিপোর্ট জমা করেন এবং এই আই.টি.আই-কে থ্রি স্টার সমতুল্য গ্রেডেশনএর মূল্যায়ণ করেন। এই গ্রেডেশনের ভিত্তিতে অরবিন্দ আই.টি.আই-এর এই ক্যাম্পাসের মধ্যেই আরও কয়েকটি নতুন শাখা খুলবার সুযোগ থাকবে। এছাড়া ভারত সরকারের স্কিল ডেভেলপমেন্ট মন্ত্রালয় থেকে অর্থনৈতিক বরাদ্দ পাওয়া যেতে পারে। সরকারের পক্ষ থেকে ছাত্রছাত্রী ও অধ্যক্ষকে বিশেষ ট্রেনিং দেওয়া হবে এবং আই.টি.আই পাশের শংসাপত্রে এই গ্রেডেশনের উল্লেখ থাকবে যাতে ছাত্রছাত্রীদের কর্মসংস্থানের ক্ষেত্রে বিশেষ অগ্রাধিকার থাকে।

## প্রথম ব্যাচে পাশ করা আই.টি.আই ফিটার ট্রেডের ছাত্ররা বর্তমানে যেসব প্রতিষ্ঠানে কর্মরত


**Ranojit Mallick**
Vikrant Machines


**Akhil Mondal**
Medlife


**Biswajit Chakraborty**
Synergy Solution Pvt. Ltd.


**Kishore Mondal**
BSS Skills


**Chanchal Ghosh**
Builders & Traders


**Biju Majhi**
Jai Balaji


**Arun Sarkar**
INDIGO delicatessen


**Gourab Das**
Cocacola Co.


**Anil Mahato**
C.L. Enterprise


**Amar Kumar Ghosh**
Atomic Energy


**Krishanu Ghosh**
Keventer


**Dibyendu Debnath**
Honda Motorcycle


**Kollol Das**
Wheels India Ltd.


**Shovan Saha**
Capron Oil Management

## কলেজ বাসের ব্যবস্থা



ছাত্রছাত্রীদের কলেজে আসা যাওয়ার জন্য বিনা খরচে কলেজ বাসের ব্যবস্থা আজও অপরিবর্তিত।

## সাইকেল স্ট্যান্ড নির্মিত হল



ছাত্রছাত্রীদের সুবিধার্থে কলেজ প্রাঙ্গনে একটি বড় মাপের সাইকেল/বাইক রাখার স্ট্যান্ড সম্প্রতি নির্মাণ করা হল।

## চালু হল কলেজ ক্যান্টিন



কলেজ ক্যান্টিনে সকল ছাত্রছাত্রীদের জন্য ভর্তুকি দিয়ে কম পয়সায় সবরকমের খাবারের ব্যবস্থা করা হচ্ছে।

## ছাত্রছাত্রীদের সক্রিয় অংশগ্রহণে কলেজ প্রাঙ্গনে সমারোহে পালিত হল এ বছরের বসন্ত উৎসব



ছাত্রী সবিতা দাস ও পূজা পাল



ছাত্রছাত্রী ও শিক্ষকদের আনন্দের মুহূর্ত




ছাত্রছাত্রী ও শিক্ষকদের আবির খেলা




শংসাপত্র গ্রহণ করছে শ্রী জীতেন্দ্র প্রসাদ সিন্‌হা

## সমাবর্তন অনুষ্ঠান

গত ২৪ শে ডিসেম্বর, ২০১৯, এই শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৬-২০১৮ শিক্ষাবর্ষের আই.টি.আই উত্তীর্ণ ফিটার ও ইলেকট্রিশিয়ান বিভাগের সফল ছাত্রছাত্রীদের কলেজের বর্তমান অধ্যক্ষ শংসাপত্র প্রদান করেন। কলেজের সেমিনার হলে, এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রায় ২০০ জন ছাত্রছাত্রীকে ভারত সরকার প্রদত্ত আই.টি.আই শংসাপত্র প্রদান করা হয়।




শংসাপত্র গ্রহণ করছে শ্রী দেবজিৎ চক্রবর্তী

iti Industrial Training Institute

*"You have to dream before your dreams can come true" - A.P.J Abdul Kalam*

SAEI PVT. I.T.I.

iti Industrial Training Institute

*"The success of a nation always depends on the success of its youth" - Skill India*

SAEI PVT. I.T.I.



একটি ইতিবাচক পদক্ষেপ

## মৌ সাক্ষরিত হল বিভিন্ন শিল্পসংস্থার সহিত



ছাত্রছাত্রীদের উন্নততর পাঠ্যক্রম দেবার উদ্দেশ্যে এবং কর্মসংস্থানের লক্ষ্যে শ্রী অরবিন্দ ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট প্রাইভেট আই.টি.আই ও ৫ টি মাঝারি শিল্পসংস্থার মধ্যে মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং সাক্ষরিত হল। সংস্থাগুলি হল কল্যানীর ফোনিক্স রাবার ইন্ডাস্ট্রিজ ও চিত্রা প্যাকেজিং প্রাঃ লিমিটেড, কলকাতার অরোসম এন্টারপ্রাইজ ও পি সি আই এম সারভিসেস এবং জামশেদপুরের কে সি ফেব্রিকেশনস্। এই চুক্তির ভিত্তিতে ওই শিল্পসংস্থাগুলি অরবিন্দ আই.টি.আই-এর পরিকাঠামোগত উন্নতিতে সাহায্য করবে। এছাড়াও ছাত্রছাত্রীদের এবং শিক্ষকদের ঐ শিল্প সংস্থায় ট্রেনিং-এর ব্যবস্থা থাকবে। চুক্তিবদ্ধ শিল্পসংস্থাগুলি তাদের দক্ষ কর্মীদের অতিথি শিক্ষক হিসেবে অরবিন্দ আই.টি.আই-এ পাঠাবেন এবং ছাত্রছাত্রীদের শিক্ষাদানে সাহায্য করবেন। ভবিষ্যতে এরূপ শিল্পসংস্থায় আই.টি.আই প্রশিক্ষিত কর্মী নিয়োগের প্রশ্নে, এই প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা অগ্রাধিকার পাবে। আগামী দিনে ছাত্রছাত্রীদের ভবিষ্যতের দিকে তাকিয়ে আরও শিল্পসংস্থার সঙ্গে এরূপ চুক্তি স্থাপনের জন্য এই শিক্ষা প্রতিষ্ঠান প্রভূত পদক্ষেপ গ্রহণ করবে।

## ইন্ডাস্ট্রিয়াল ভিজিটে ছাত্রছাত্রীদের যোগদানের কিছু বিশেষ মুহূর্ত

এই শিক্ষা প্রতিষ্ঠানে আই.টি.আই পাঠরত ফিটার ও ইলেকট্রিশিয়ান ট্রেডের ছাত্রছাত্রীদের দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে শুরু হয়েছে বিভিন্ন মাঝারি শিল্পসংস্থায় বিশেষ ইন্ডাস্ট্রিয়াল ভিজিট। এতে ছাত্রছাত্রীদের পাঠ্যক্রমের সাথে কারিগরি শিল্পের ব্যবহারিক প্রয়োগের সম্যক ধারণা তৈরি হবে এবং ছাত্রছাত্রীদের পঠনপ্রক্রিয়ার উন্নতি ঘটবে। ছাত্রছাত্রীদের শিল্পের পরিবেশ সহ আধুনিক প্রযুক্তির প্রয়োগ সম্বন্ধে জ্ঞান অর্জন হবে। এই লক্ষ্যে, এই শিক্ষা প্রতিষ্ঠানের, গত শিক্ষাবর্ষের আই.টি.আই ফিটার ও ইলেকট্রিশিয়ান শাখার সকল ছাত্রছাত্রীদের বিনা খরচে ও অত্যন্ত দায়িত্ব সহকারে বেশ কিছু শিল্প সংস্থায় ইন্ডাস্ট্রিয়াল ভিজিটের আয়োজন করা হয়েছে। তার মধ্যে জয়শ্রী টেক্সটাইলস, মাদার ডেয়ারি, বিড়লা টেকনোলজিক্যাল মিউজিয়াম, ফোনিক্স রাবার ইন্ডাস্ট্রিজ ও চিত্রা প্যাকেজিং উল্লেখযোগ্য। আগামী দিনে ছাত্রছাত্রীদের জন্য আরও অনেক শিল্প সংস্থায় ইন্ডাস্ট্রিয়াল ভিজিটের সুযোগ থাকবে।




জয়শ্রী টেক্সটাইলস, হুগলি




মাদার ডেয়ারি, ডানকুনি




বিড়লা টেকনোলজিক্যাল, কলকাতা



ফোনিক্স রাবার ইন্ডাস্ট্রিজ, কল্যানী



চিত্রা প্যাকেজিং প্রাঃ লিমিটেড, কল্যানী




শিক্ষকদের ইন্ডাস্ট্রিয়াল ভিজিটে অংশগ্রহণ

## নিয়মিত ভাবে শিল্প প্রতিষ্ঠান থেকে আগত অতিথি শিক্ষক ক্লাস নিচ্ছেন



শ্রী বিজয় কৃষ্ণ নন্দী
প্রাক্তন ডেপুটি ডায়রেক্টর, ডি.জি.ই.টি



শ্রী অম্বর দত্ত
সিনিয়র টেকনিশিয়ান, ভারতীয় রেল



শ্রী সজল কুমার বন্দ্যোপাধ্যায়
প্রাক্তন ইঞ্জিনিয়ার, কেশরাম ইন্ডাস্ট্রিজ

## শুরু হল স্বল্পমেয়াদী বৃত্তিমূলক প্রশিক্ষণ

গত শিক্ষাবর্ষ থেকে, পশ্চিমবঙ্গ সরকার কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন দপ্তর অনুমোদিত ১ বছর মেয়াদি বৃত্তিমূলক প্রশিক্ষণ শুরু হয়েছে। কোর্সগুলো যথাক্রমে অটোমোবাইল রিপেয়ার ও মেন্টেনেন্স, ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান, কন্সট্রাকশন সুপারভাইজর, এ.সি. ও রেফ্রিজারেশন এবং ওয়েল্ডিং। ন্যূনতম মাধ্যমিক পাশ থাকলেই ছাত্রছাত্রীরা এই কোর্সগুলিতে ভর্তি হতে পারবে। শিক্ষিত প্রার্থীদের চাকরির সম্ভাবনা প্রচুর। বর্তমান পাঠরত আই.টি.আই ছাত্রছাত্রীদের থেকে এই শিক্ষাবর্ষে ২০ জন ছাত্রছাত্রীকে বিনা খরচে উপরোক্ত কয়েকটি কোর্সে প্রশিক্ষণ দেওয়া শুরু হয়েছে। এর দ্বারা বর্তমান ছাত্রছাত্রীদের আই.টি.আই শিক্ষার পাশাপাশি স্বল্পমেয়াদি বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণের ফলে এবং কেন্দ্রীয় ও রাজ্য সরকার অনুমোদিত দুটি পৃথক শংসাপত্র অর্জনের মাধ্যমে শিল্পসংস্থায় কর্মসংস্থানের অগ্রাধিকার বাড়বে। ভবিষ্যতে এই কলেজের সমস্ত আই.টি.আই পাঠরত ছাত্রছাত্রীদের উপরোক্ত পাঠ্যক্রমের ওপর বিনামূল্যে প্রশিক্ষণ দেওয়া হবে।

## নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের ডিপ্লোমা কোর্স

অরবিন্দ আই.টি.আই-এর কল্যানী ক্যাম্পাসে গত শিক্ষাবর্ষ থেকে, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় অনুমোদিত, কারিগরি শাখায় ১ বছর মেয়াদি ৪ টি ডিপ্লোমা কোর্স চালু হয়েছে। ন্যূনতম মাধ্যমিক পাশ যোগ্যতায়, ছাত্রছাত্রীরা এই পাঠ্যক্রমে যোগদান করতে পারে। কোর্সগুলি যথাক্রমে - সিভিল কন্সট্রাকশন সুপারভাইজর, অটোমোবাইল রিপেয়ার এন্ড মেন্টেনেন্স, এ.সি. ও রেফ্রিজারেশন মেকানিক, ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান। সফলভাবে কোর্স পাশ করার পর ছাত্রছাত্রীরা নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ডিপ্লোমা শংসাপত্র পাবে। যেহেতু এরূপ কারিগরি শাখায় বাজারে দক্ষ কর্মীর প্রয়োজন সেহেতু প্রার্থীদের নিশ্চিত কর্মসংস্থান ও স্বনির্ভরতার কাজে এই শংসাপত্র অত্যন্ত কার্যকরী ভূমিকা নিতে পারবে। এই বিভাগে পড়াশুনা করার পর ছাত্রছাত্রীরা উচ্চতম পাঠ্যক্রমে উন্নীত হতে পারে। কর্মরত ব্যক্তিরাও তাদের কাজের পাশাপাশি এই পাঠ্যক্রমগুলিতে যোগদান করতে পারে এবং সফল প্রার্থীদের শিল্পসংস্থায় চাকরির প্রভূত সুযোগ রয়েছে।

## বর্তমান ছাত্রছাত্রীদের কয়েকজন ও শিক্ষকমণ্ডলী



গত ৫ই ডিসেম্বর, ২০১৯ কলেজ প্রাঙ্গনে শিক্ষকমণ্ডলী ও কিছু ছাত্রছাত্রীর উপস্থিতিতে ফটোসেশন